



# ভোক্তা নির্দেশিকা - নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট (registered migration agents)

একজন ব্যক্তি নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট, অস্ট্রেলিয়াতে লিগাল প্র্যাকটিশনার অথবা অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি না হলে তিনি অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত সহায়তা প্রদান করাটা বেআইনি হবে। কোনো ব্যক্তি অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত বেআইনি সহায়তা প্রদান করলে তার বিরুদ্ধে Department of Home Affairs এর ওয়েবসাইটে [Border Watch Online Report](#) ব্যবহার করে রিপোর্ট করতে হবে। এটা জানা গুরুত্বপূর্ণ যে, যিনি আপনাকে অভিবাসনের ক্ষেত্রে সহায়তা করেন তিনি আপনাকে ভিসার গ্যারান্টি দিতে পারেন না।

## নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট (Registered Migration Agents)

নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদেরকে অবশ্যই প্রফেশনাল মানদণ্ড পূরণ করতে হবে, একটি আচরণবিধি অনুসরণ করতে হবে এবং অভিবাসন আইন ও প্রক্রিয়া সম্পর্কে হালনাগাদ জ্ঞান থাকতে হবে।

সকল নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টের একটি অনন্য Migration Agents Registration Number (MARN) রয়েছে। কোনো ব্যক্তি নিবন্ধিত কিনা তা আপনি OMARA-এর ওয়েবসাইট [www.mara.gov.au](#) এ চেক করতে পারেন

The Office of the Migration Agents Registration Authority (OMARA) হলো Department of Home Affairs এর একটি অংশ এবং অস্ট্রেলিয়াতে নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদের নিয়ন্ত্রক সংস্থা। OMARA:

- অস্ট্রেলিয়াতে একজন মাইগ্রেশন এজেন্ট হিসেবে নিবন্ধনের জন্য আবেদন মূল্যায়ন করে এবং সিদ্ধান্ত দেয়
- নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদের আচরণ পর্যবেক্ষণ করে, অভিযোগের তদন্ত করে এবং প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে।

OMARA আপনাকে ভিসা বা স্পনসরশিপের আবেদনের ক্ষেত্রে সহায়তা করতে পারে না অথবা আপনাকে ফি ফেরত দেওয়ার জন্য কোনো নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টকে আদেশ দিতে পারে না।

## আচরণবিধি

নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদের জন্য প্রযোজ্য আচরণবিধি অনুযায়ী নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদেরকে নিম্নলিখিতগুলো আবশ্যিকতাগুলো পূরণ করতে হবে:

- আপনার ভিসা পাওয়ার সম্ভাবনা সম্পর্কে সৎ থাকা
- সঠিক পরামর্শ প্রদান করা এবং আপনার আবেদনের অগ্রগতি সম্পর্কে এবং এটিকে প্রভাবিত করতে পারে এমন যেকোনো পরিবর্তন সম্পর্কে আপনাকে অবহিত করা

- আইনের মধ্যে থেকে কাজ করা, আপনার স্বার্থ এবং আপনার গোপনীয়তা রক্ষা করা
- আপনার স্বার্থবিরোধী তাদের কোনো স্বার্থ আছে কিনা তা আপনাকে জানানো এবং যথাযথ ব্যবস্থা নেওয়া
- আপনাকে যে পরিশেবাগুলো প্রদান করা হবে সেগুলো নিয়ে কাজ শুরু করার আগে আনুমানিক ফি ও অন্যান্য খরচ সম্পর্কে আপনাকে একটি লিখিত বিবৃতি দেওয়া
- আপনি অগ্রিম অর্থ প্রদান করলে সেটি একটি পৃথক ব্যাংক অ্যাকাউন্টে রাখা
- প্রদত্ত পরিশেবা এবং প্রদেয় অর্থের পরিমাণ উল্লেখ করে একটি ইনভয়েস দেওয়া
- আপনার আবেদন প্রক্রিয়াকরণ সম্পর্কে সঠিক রেকর্ড রাখা। সম্পূর্ণ [Code of Conduct](#) OMARA ওয়েবসাইটে পাওয়া যাবে।

## নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট সম্পর্কিত উদ্বেগসমূহ

আপনার নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টের সাথে আপনার কোনো সমস্যা হলে, প্রথমে তার সাথে এটি সমাধান করার চেষ্টা করুন। যদি আপনি আপনার এজেন্টের সাথে বিষয়টি সমাধান করতে না পারেন, আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনি OMARA-এর সাথে যোগাযোগ করতে পারেন। আপনি OMARA ওয়েবসাইটের [complaint form](#) পূরণ করে আপনার নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট সম্পর্কে একটি অভিযোগ জমা দিতে পারেন।

অভিযোগ জমা দিলে তা আপনার বর্তমান ভিসার আবেদনকে প্রভাবিত করবে না, অথবা পূর্ববর্তী কোনো ভিসা প্রত্যাখ্যান বা বাতিলের সিদ্ধান্তের ফলাফলকে পরিবর্তন করবে না।

## অস্ট্রেলিয়ান লিগাল প্র্যাকটিশনার এবং অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তি (Exempt Persons)

কিছু নির্দিষ্ট ব্যক্তি, যেমন অস্ট্রেলিয়ান লিগাল প্র্যাকটিশনার ও অব্যাহতিপ্রাপ্ত ব্যক্তিদের, অস্ট্রেলিয়াতে অভিবাসন সংক্রান্ত সহায়তা

প্রদানের জন্য মাইগ্রেশন এজেন্ট হিসেবে নিবন্ধিত হওয়া আবশ্যিক নয়।

অস্ট্রেলিয়ান লিগাল প্র্যাকটিশনারদেরকে অবশ্যই তাদের সংশ্লিষ্ট আইনি কর্তৃপক্ষের প্রফেশনাল আচরণ বিধি অনুসারে কাজ করতে হবে। যদি আপনি কোনো লিগাল প্র্যাকটিশনার সম্পর্কে অভিযোগ জমা দিতে চান তাহলে ‘Consumer guide – legal practitioners’ পড়ুন যা [Department of Home Affairs website](#) এ রয়েছে।

অব্র্যাহতিপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে ঘনিষ্ঠ পারিবারিক সদস্য ও স্পনসর অন্তর্ভুক্ত রয়েছে। অব্র্যাহতিপ্রাপ্ত ব্যক্তিদের একটি সম্পূর্ণ তালিকা [Form 956 – Appointment of a registered migration agent, legal practitioner or exempt person](#) এ পাওয়া যাবে। অব্র্যাহতিপ্রাপ্ত ব্যক্তির অভিবাসন সম্পর্কে সহায়তা প্রদানের জন্য কোনো ফি নিতে পারবেন না।

## অ্যাপয়েন্টমেন্ট সমাপ্ত করা

আপনি কোনো অ্যাপয়েন্টমেন্ট সমাপ্ত করতে চাইলে [Form 956](#) পূরণ করুন।

## অনুবাদ ও দোভাষী পরিষেবা

অনুবাদ ও দোভাষী পরিষেবার (TIS National) মাধ্যমে একজন দোভাষীর সাথে কথা বলুন

[www.tisnational.gov.au](http://www.tisnational.gov.au) ☎ 131 450

জুলাই 2021